# ট্রাম্পের সঙ্গে একান্তে মতবিনিময় করলেন পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান



ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে একান্তে মতবিনিময় করেছেন জাতিসংঘের সাধারণ পরিষদের সভাপতি ড. খলিলুর রহমান।

স্থানীয় সময় মঙ্গলবার (২২ সেপ্টেম্বর) নিউইয়র্কে জাতিসংঘ সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের সাধারণ বিতর্কের উদ্বোধনী অনুষ্ঠানে ভাষণ দেওয়ার পর ট্রাম্পের সঙ্গে তার এ মতবিনিময় হয়।

বাংলাদেশ সময় বুধবার (২৩ সেপ্টেম্বর) জাতিসংঘ সাধারণ পরিষদের সভাপতির অফিসিয়াল ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে বিষয়টি জানানো হয়েছে।

উদ্বোধনী অনুষ্ঠানে দেওয়া বক্তব্যে ড. খলিলুর রহমান বলেন, ৮০ বছর ধরে জাতিসংঘ টিকে থাকলেও শুধু দীর্ঘ সময় ধরে কার্যক্রম চালিয়ে যাওয়াকে সাফল্যের মানদণ্ড হিসেবে দেখা যায় না। বৈশ্বিক আস্থা পুনঃপ্রতিষ্ঠায় সংস্থাটিকে নিজেদের ব্যর্থতা ও সীমাবদ্ধতার কঠিন সত্য মেনে নিয়ে বড় ধরনের সংস্কারের পথে যেতে হবে।

তিনি জানান, ১৯৪৫ সালে ৫০টি সদস্য রাষ্ট্র নিয়ে জাতিসংঘের যাত্রা শুরু হয়েছিল। বর্তমানে সংস্থাটির সদস্য সংখ্যা ১৯৩। তবে এত দীর্ঘ সময় টিকে থাকার চেয়ে বৈশ্বিক সংকট মোকাবিলায় জাতিসংঘ কতটা কার্যকর ভূমিকা রাখতে পারছে, সেটিই এখন বড় প্রশ্ন।

ড. খলিলুর রহমান বলেন, ‘এই দেয়ালের বাইরে মানুষ প্রশ্ন করছে না যে জাতিসংঘ এখনও টিকে আছে কি না। তারা জানতে চাইছে, এটি কাজ করছে কি না।’

LENS ASIA